



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩৭

পোরশায় প্রধানমন্ত্রীর চিকিৎসা অনুদানের ও অন্যান্য ভাতার চেক বিতরণ

রাজশাহী: ১৩ ভাদ্র (২৮ আগস্ট):

প্রধানমন্ত্রী শেখ হাসিনার তহবিল থেকে ১৯জন দরিদ্র ব্যক্তি চিকিৎসা সহায়তার চেক পেয়েছেন। অসহায়, দরিদ্র ১৯জন নারী-পুরুষের মাঝে চিকিৎসা সহায়তা হিসেবে নয় লক্ষ ১০ হাজার টাকার অনুদানের চেক বিতরণ করেন খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার।

আজ রবিবার (২৮ আগস্ট) দুপুরে পোরশা উপজেলা পরিষদ হলরুমে মাননীয় প্রধানমন্ত্রীর তহবিল হতে প্রাপ্ত চিকিৎসা অনুদানের চেক বিতরণ করেন তিনি।

এছাড়াও পোরশার ৬টি প্রতিষ্ঠানের মাঝে মন্ত্রীর স্বৈচ্ছাধীন তহবিল হতে ১ লাখ ৮ হাজার টাকার চেক ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আইজি এ প্রকল্পের আওতায় ১০০ জন প্রশিক্ষণার্থীর মাঝে ১ লাখ ২০ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

চেক বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপজেলার নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জাকির হোসেন, পোরশা উপজেলা পরিষদের চেয়ারম্যান শাহ মঞ্জুর মোর্শেদ চৌধুরী, উপজেলা কৃষি কর্মকর্তা সঞ্জয় কুমার, থানা অফিসার ইনচার্জ জহুরুল হক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: আনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোফাজ্জল হোসেন উপস্থিত ছিলেন।

তৌহিদ/আতিক/২০২২/১৬.৩০ঘ.